

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ
ঢাকা

১৯.০০.০০০০.১১১.৪০.৪৩৯.২০/ ১১৬২

০৫ ডিসেম্বর ২০২১

প্রেরক: মোহাম্মদ আল আলেমুল ইমাম
পরিচালক (সংস্থাপন)

প্রাপক: জনাব যাকারিয়া বিন আমজাদ
দ্বিতীয় সচিব (স্থানীয়)
বাংলাদেশ হাই কমিশন, নয়া দিল্লী।


বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন মালদ্বীপ সফর উপলক্ষ্যে বাংলাদেশ হাই কমিশন, মালে-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ১১-৩০ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত মালদ্বীপ সফরের মঞ্জুরি প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন মালদ্বীপ সফর উপলক্ষ্যে বাংলাদেশ হাই কমিশন, মালে-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আগামী ১১-৩০ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত আপনার মালদ্বীপ সফরের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপ:

- ক) ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবে;
- খ) আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ-বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে সংকুলান করা হবে;
- গ) আপনি আগামী ১১ ডিসেম্বর ২০২১ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে মালদ্বীপ-এর উদ্দেশ্যে নয়া দিল্লী ত্যাগ করবেন এবং ৩০ ডিসেম্বর ২০২১ বা তার নিকটবর্তী সময়ে নয়া দিল্লী-এর উদ্দেশ্যে মালদ্বীপ ত্যাগ করবেন;
- ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



০৫/১১/২০২১
(মোহাম্মদ আল আলেমুল ইমাম)
পরিচালক (সংস্থাপন)

১৯.০০.০০০০.১১১.৪০.৪৩৯.২০/ ১১৬২

০৫ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (প্রশাসন/ দক্ষিণ এশিয়া/ কনস্যুলার/ পররাষ্ট্র সচিবের দপ্তর)/ রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/ পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/ নীতি ও সংগঠন/ অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সহকারী সচিব (তহবিল/ বাজেট/ অডিট ও পেনশন)/ সহকারী সচিব (আইসিটি-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। দূতালয় প্রধান, বাংলাদেশ হাই কমিশন, নয়া দিল্লী/ বাংলাদেশ হাই কমিশন, মালে।
- ৬। অফিস কপি।


০৫.১১.২১
(মোঃ রহমত আলী)
সহকারী সচিব (সংস্থাপন-১)
ফোনঃ ২২৩৩৮৪০৭৮
ইমেইলঃ pl@mofa.gov.bd